ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার,ঢাকা-১২১৫
www.sfdf.org.bd

# নিয়োগ ও প্যানেলভুক্তির বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাভুক্ত ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)-এর বিভিন্ন পর্যায়ের পদে নিয়োগদান ও প্যানেল তৈরির জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে পদের বিপরীতে চাহিদাকৃত বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। বিভিন্ন পদে আবেদন করার জন্য বিস্তারিত বিবরণ, পদের নাম ও পদের সংখ্যা নিম্নে প্রদান করা হলোঃ

| পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড/ স্কেল/সাকুল্যে বেতন | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা (০৭-০৫-২০১৯ তারিখে) |
|---|---|---|---|
| ১। আঞ্চলিক ব্যবস্থাপক | ০৩ | বেতন গ্রেড-৬ ৩৫৫০০-৬৭০১০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর/সমমান ডিগ্রিসহ সরকারি/বেসরকারি সংস্থার দারিদ্র্য বিমোচন/ক্ষুদ্রঋণ কর্মসূচিতে 'ব্যবস্থাপনা পর্যায়' এর পদে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। বয়স সর্বোচ্চ ৪০ বছর। বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য। |
| ২। ব্যবস্থাপক (মাঠ নিরীক্ষা) | ০১ | বেতন গ্রেড-০৮ ২৩০০০-৫৫৪৭০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসা প্রশাসন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর/সমমান ডিগ্রিসহ সরকারি/বেসরকারি সংস্থার হিসাব সংক্রান্ত কাজে 'ব্যবস্থাপনা পর্যায়' এর পদে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। বয়স সর্বোচ্চ ৩৭ বছর। বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৩। অফিস সহকারী কাম-ডাটা এন্ট্রি অপারেটর | ১০ | বেতন গ্রেড-১৪ (১ বছর শিক্ষানবিসকাল সাকুল্য বেতন টাঃ ১০,০০০/-) ১০২০০-২৪৬৮০ | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাস। তবে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ডাটা এন্ট্রি অপারেটর হিসাবে দক্ষতা নিরুপণ পরীক্ষায় (Aptitude Test) উত্তীর্ণ হতে হবে। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৪। মাঠ কর্মকর্তা | ৪০ | বেতন গ্রেড-১৪ (১ বছর শিক্ষানবিসকাল সাকুল্য বেতন টাঃ ১০,০০০/-) ১০২০০-২৪৬৮০ | উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাসসহ সরকারি/বেসরকারি সংস্থার দারিদ্র্য বিমোচন/ক্ষুদ্রঋণ কর্মসূচি বাস্তবায়নে মাঠ পর্যায়ের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাস বিভাগীয় প্রার্থীগণ আবেদন করতে পারবেন। বয়স সর্বোচ্চ ৩৫ বছর। বিভাগীয় প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা শিথিলযোগ্য। |
| (১) উপরিউল্লিখিত ক্রমিক নং-৩ ও ৪ পদগুলোতে ১ বছর শিক্ষানবিসকাল সফলভাবে সমাপনান্তে বর্ণিত বেতন গ্রেডে নিয়মিত করা হবে। মাঠ কর্মকর্তাদের কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | | | |

শর্তাবলিঃ

০১। প্রার্থীগণকে নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি এবং অত্র বিজ্ঞপ্তি ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর ওয়েবসাইট www.sfdf.org.bd এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট www.rdcd.gov.bd পাওয়া যাবে।

০২। প্রার্থীগণকে আবেদন ফরম-এর সাথে (ক) সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি; (খ) বয়স প্রমানের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এস,এস,সি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি; (গ) স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি (মূলকপি মৌখিক পরীক্ষার সময়) দাখিল করতে হবে। বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার সময় (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপিসহ মূল কপি; (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপিসহ মূল কপি; (গ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপিসহ মূল কপি (প্রযোজ্যে ক্ষেত্রে); (ঘ) একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

০৪। আবেদন ফরম-এর সাথে ১ নং ক্রমিকের প্রার্থীদের ৫০০/- (পাঁচশত) টাকা, ২নং ক্রমিকের প্রার্থীদের ৪০০/- (চারশত) টাকা, ৩নং ক্রমিকের প্রার্থীদের ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ও ৪নং ক্রমিকের প্রার্থীদের ২০০/- (দুইশত) টাকার অফেরৎযোগ্য পোষ্টাল অর্ডার ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর নামে প্রেরণ করতে হবে।

০৫। প্রার্থীদেরকে ০৭।০৫।২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, প্রধান কার্যালয়, পল্লী ভবন (৭ম তলা), ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫ বরাবরে দরখাস্ত রেজিষ্টার্ড ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে দরখাস্ত প্রেরণ করতে হবে।

০৬। প্রার্থীকে খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা লিখতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৭। প্রাপ্ত দরখাস্তসমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার স্থান, সময় ও তারিখ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন-এর ওয়েবসাইট এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে অবহিত করা হবে এবং প্রবেশপত্র প্রার্থীর বর্তমান ঠিকানা (Mailing Address)-এ প্রেরণ করা হবে। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৮। নিয়োগকালে বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি, যে কোন শর্ত পরিবর্তন, পরিমার্জন বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১/০৪/১৯

(এ এইচ এম আবদুল্লাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন-০২-৮১৮০১৫০
md.sfdf@yahoo.com

D:\E\Circular-2019 (Unicode) Jiban

# চাকরির আবেদন ফরম

(সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ তিন কপি ছবি)

বরাবর
ব্যবস্থাপনা পরিচালক
ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন
প্রধান কার্যালয়, ঢাকা

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: স্মারক নং-৪৭.৬৫.০০০.০৬১.০৩০.১৯.৪৮৪/৪৮৫ | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | | | ০ | ৭ | ০ | ৫ | ২ | ০ | ১ | ৯ | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয়/গ্রুপ | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ): | | | | | | | | | | |
| ১৯. | কোটা : | কোন কোটায় নিয়োগ পেতে চান তা উল্লেখ করুন | | | | | | | | | |
| ২০. | পোষ্টাল অর্ডার নম্বরঃ | টাকার পরিমাণঃ | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ ☐ | না ☐ | প্রযোজ্য নয় ☐ | | | | | | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য । মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব । কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব ।

| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

প্রার্থীর স্বাক্ষর